এনভয় টেক্সটাইলস লিমিটেড

কর্পোরেট ও রেজিষ্টার্ড অফিসঃ এনভয় টাওয়ার (৬ষ্ঠ-৯ম তলা), ১৮/ই, লেক সার্কাস কলাবাগান, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫

অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঘোষণা

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৭ই নভেম্বর ২০২০ তারিখ, মঙ্গলবার, বিকেল ২.৪৫ ঘটিকায় এনভয় টেক্সটাইলস লিমিটেডের একটি বোর্ড সভা অনুষ্ঠিত হয়। সভায় ২০২০-২১ অর্থবছরে সাধারণ শেয়ারহোল্ডারদের জন্য ৫ শতাংশ অন্তর্বর্তীকালীন নগদ লভ্যাংশ ঘোষণা করা হয়। এ লভ্যাংশ কোম্পানীর পুঞ্জীভূত মুনাফা থেকে পরিশোধিত হবে। লভ্যাংশ পরিশোধের উদ্দেশ্যে ৮ই ডিসেম্বর ২০২০ তারিখ 'রেকর্ড ডেট' হিসেবে নির্ধারণ করা হয়েছে।

'রেকর্ড ডেট'-এ তালিকাভুক্ত শেয়ারহোল্ডারগণ অন্তর্বর্তীকালীন নগদ লভ্যাংশের জন্য বিবেচিত হবেন। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ১লা নভেম্বর ২০২০ তারিখের সার্কুলার, যার সূত্র নং # বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২১৩ বিবেচনায় নিয়ে এ অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

দ্রষ্টব্যঃ

ক) অনলাইনে লভ্যাংশ পরিশোধের জন্য বিও হিসাবধারীদের তাঁদের ব্যাংক হিসাবের তথ্য এবং ১৫ শতাংশের স্থলে ১০ শতাংশ হারে উৎসে কর কর্তনের সুবিধার জন্য ই-টিন তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

খ) সংশ্লিষ্ট ব্রোকারেজ হাউজ যাদের মার্জিন ঋণ গ্রাহকগণ 'রেকর্ড ডেট'-এ এনভয় টেক্সটাইলস লিমিটেডের শেয়ারহোল্ডার হিসেবে তালিকাভুক্ত হবেন তাঁদের ডিভিডেন্ড সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্যাদি কোম্পানীর নিবন্ধিত কার্যালয়ের ঠিকানায় অথবা ই-মেইলে (saiful.chowdhury@envoytextiles.com) ০৯ই ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে বা এর পূর্বে, সংশ্লিষ্ট ব্রোকারেজ হাউজের যোগাযোগের ফোন নাম্বার ও ব্যাংকের বিস্তারিত তথ্য সহকারে, প্রদানের অনুরোধ করা যাচ্ছে।

গ) ৩০ জুন ২০২০ তারিখের সমাপ্ত বছরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী ও ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখের প্রথম প্রান্তিকের অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী ইতিমধ্যে প্রকাশিত হয়েছে যা কোম্পানীর ওয়েবসাইটঃ (www. envoytextiles.com) থেকেও সংগ্রহ করা যাবে।

পরিচালনা পর্ষদের আদেশক্রমে

এম সাইফুল ইসলাম চৌধুরী এফসিএস
কোম্পানী সচিব

মঙ্গলবার, ১৭ই নভেম্বর ২০২০

Size : 7" x 3 Col.